দৈনিক
ইনকিলাব

তারিখ 28 MAY 2007
পৃষ্ঠা ২২ কলাম ৭

# বাংলাদেশ প্রাইভেট স্কুল এসোসিয়েশনের বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ প্রাইভেট স্কুল এসোসিয়েশনের ২০০৬ শিক্ষাবর্ষের বিভিন্ন শ্রেণীর বৃত্তি পরীক্ষার ফলাফল ঘোষণা উপলক্ষে ডিআইটি ল্যাবরেটরি স্কুলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ শিল্প গবেষণা পরিষদের চেয়ারম্যান ও বাংলাদেশ প্রাইভেট স্কুল এসোসিয়েশনের প্রধান উপদেষ্টা চৌধুরী মাহমুদ হাসান। সভাপতিত্ব করেন এসোসিয়েশনের চেয়ারম্যান ও ঢাকা মডেল প্রি-ক্যাডেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোঃ আলমগীর হোসেন। বৃত্তি পরীক্ষার ফলাফল ঘোষণা করেন ডিআইটি ল্যাবরেটরি স্কুলের প্রিন্সিপাল ও এসোসিয়েশনের যুগ্ম মহাসচিব এস এম শাহাদৎ হোসেন। সর্বমোট ১১৩ জন ছাত্র-ছাত্রীকে বিভিন্ন গ্রেডে বৃত্তি প্রদান করা হয়। তার মধ্যে ট্যালেন্টপুলে ২ জন, প্রথম গ্রেডে ৮ জন, ২য় গ্রেডে ৩২ জন এবং ৩য় গ্রেডে ৭১ জন।

বিভিন্ন শ্রেণীতে যারা প্রথম হয়েছে তারা হল শিশু শ্রেণী- মোঃ রাগীব রায়হান, মাদার মাইন্ড প্রি-ক্যাডেট স্কুল; ১ম শ্রেণী- নাফিস আনসুম, আব্দুল মান্নান সরকার একাডেমী; ২য় শ্রেণী- মোঃ ফজলে রাব্বি, ঢাকা মডেল প্রি-ক্যাডেট এন্ড হাইস্কুল; ৩য় শ্রেণী- মাইসা ফাহমিদা অর্পা, লিটল জুয়েলস ইন্টাঃ স্কুল ও আবির মাহমুদ অভি ডিআইটি ল্যাবরেটরি স্কুল; ৪র্থ শ্রেণী-তানজিল কবির, ঢাকা মডেল প্রি-ক্যাডেট এন্ড হাইস্কুল; ৫ম শ্রেণী- শেখ ফাইয়াজ বিন মামুন, ডিআইটি ল্যাবরেটরি স্কুল।